# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## Second Term Examination - 2018

## Class : 8

Sub :Bengali Text　　　　F.M.: 80

DURATION:2 Hrs30Mins　　　　DATE:28.07.2018

## বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ-　　　　(১x৫=৫)

১. 'একি বেয়াদবি' - কথাটি বলেছে —

(ক) রাজামশাই　　(খ) ভাগিনা

(গ) পণ্ডিত　　(ঘ) কোতোয়াল

২. ক্ষুদ্র শরীরে গোপনে কি বাজে?

(ক) বাঁশির সুর　　(খ) কলধ্বনি

(গ) মর্মরধ্বনি　　(ঘ) কোনোটিই নয়

৩. 'মোরা একভাষাতে কি করি?

(ক) কথা বলি　　(খ) গান গাই

(গ) ঝগড়া করি　　(ঘ) মাকে ডাকি

৪. 'নতুনদা ইন্দ্রর কেমন ভাই?

(ক) খুড়তুতো　　(খ) মাসতুতো

(গ) পিসতুতো　　(ঘ) জ্যাঠতুতো

৫. কার মনোভীষ্ট এতদিনে সিদ্ধ হল?

(ক) রামচন্দ্রের　　(খ) কৈকেয়ীর

(গ) ভরতের　　(ঘ) লক্ষ্মণের

২। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ-　　　　(১x১০=১০)

১. 'কিশলয়' শব্দের অর্থ কি?

২. তোতাপাখিকে শিক্ষার ভার কার উপর পড়েছিল?

৩. 'মর্মর ধ্বনি' শব্দের অর্থ কি?

৪. কে প্রত্যাহত হবে?

৫. 'কুসুম' শব্দের অর্থ কি?

৬. 'যেন রবি শশী দোলে' বলতে কি বোঝানো হয়েছে?

৭. 'পান্ডুর' শব্দের অর্থ কি?

৮. নতুনদা কলকাতার কোন্ পাড়ার ছেলে?

৯. কারা পৃথিবীর 'তম' দুর করে?

১০. রাজা কার সং সাজতে চেয়েছিলেন?

## বিভাগ - খ

৩। **প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** (২x৫=১০)

১. নতুনদা কে? তিনি কোথায় থাকেন? (১+১)

২. 'আমি তো জীবন্তপ্রাণ' — আমি কে? বনস্পতি কাকে বলে? (১+১)

৩. 'লোকসান ঘটায়' — কে, কীভাবে লোকসান ঘটায়? (১+১)

৪. এক বৃন্তে দুটি কুসুম কারা? মুসলিম ও হিন্দুর এখানে কি অবদান? (১+১)

৫. 'কথাটা রাজার কানে গেল' — কোন্ কথাটা? কে বলেছিল? (১+১)

৪। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ-** (৩x৫=১৫)

১. 'তাদের সংসারে আর টানাটানি রহিল না' - কাদের সংসারে? কেন টানাটানি রইল না? (১+২)

২. 'শুধু শব্দ নয়, পিছনে অর্থও কম নাই।' - বক্তা কে? কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো। (১+২)

৩. 'জানি আমি ভাবী বনস্পতি' - বক্তা কে? কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো। (১+২)

৪. নতুনদা কোথায় যাচ্ছিলেন? সেখানে তিনি কি করবেন? (১+২)

৫. 'করি মোরা হানাহানি' — 'মোরা' এখানে কারা? তাদের হানাহানির কারণ কি? (১+২)

৬. 'জড় নই, মৃত নই, নই অন্ধকারের খনিজ' - বক্তা কে? এরূপ কথা বলার কারণ নির্দেশ করো। (১+২)

৭. 'অশ্রুতপূর্ব' কথার অর্থ কি? 'অশ্রুতপূর্ব গীত' বলতে কি বোঝানো হয়েছে?(১+২)

## বিভাগ - গ

৫। **প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (যে কোনো আটটি) ঃ-** (৫x৮=৪০)

১. 'তোতাকাহিনী গল্পটি একটি রূপকধর্মী গল্প' — আলোচনা করো।

২. 'আগামী' কবিতাটির অন্তর্নিহিত ভাবসত্যটি ব্যাখ্যা করো।

৩. 'নতুনদা' গল্পে নতুনদা চরিত্রটি বিশ্লেষণ করো।

৪. 'এক বৃন্তে দুটি ফুল' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

৫. 'অঙ্কুরিত বীজ' কিভাবে 'বৃহত্তের দলে মিশে যাবে' — 'আগামী' কবিতা অবলম্বনে আলোচনা করো।

৬. নতুনদার ক্ষুধার উদ্রেক হওয়ায় কি ঘটনা ঘটেছিল?

৭. রাজা পাখিটাকে শিক্ষা দেবার জন্য কি কি ব্যবস্থা করেছিলেন? শেষ পর্যন্ত পাখির কি পরিণতি হয়েছিল? (৩+২)

৮. 'রামচন্দ্রের বিলাপ' কবিতা অবলম্বনে রামচন্দ্রের চরিত্রটি বিশ্লেষণ করো।

৯. 'রাজারাণী' গল্পে কিভাবে কাঠকুড়ানি মেয়ের সঙ্গে রাজার বিয়ে হল তা সংক্ষেপে লেখো।

১০. 'এক বৃন্তে দুটি কুসুম' কবিতাটি 'হিন্দু-মুসলিম সম্প্রীতির বার্তা বহন করে' — এই উক্তির আলোকে বিষয়টি আলোচনা করো।

***************

Amit Kundu
28/07/18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 2nd Term Examination (Model Answer)

**Sub:** BENGALI TEXT **Class:** 8A, B, C, D **F. M.** 80

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 28.07.2018

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ- (১x৫=৫)

১. ‘একি বেয়াদবি’ - কথাটি বলেছে —
(ঘ) কোতোয়াল

২. ক্ষুদ্র শরীরে গোপনে কি বাজে?
(গ) মর্মরধ্বনি

৩. ‘মোরা একভাষাতে কি করি?
(ঘ) মাকে ডাকি

৪. ‘নতুনদা ইন্দ্রর কেমন ভাই?
(খ) মাসতুতো

৫. কার মনোভীষ্ট এতদিনে সিদ্ধ হল?
(খ) কৈকেয়ীর

২। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (১x১০=১০)

১. কচিপাতা।
২. ভাগিনাদের উপর।
৩. বাতাসে পাতার শব্দ।
৪. ঝড় প্রত্যাহত হবে।
৫. ‘কুসুম’ শব্দের অর্থ ফুল।
৬. একই আকাশে সূর্য ও চাঁদের অবস্থান থাকে।
৭. ‘পান্ডুর’ শব্দের অর্থ রক্তশূন্য।
৮. নতুনদা কলকাতার দর্জিপাড়ার ছেলে।
৯. দিবাকর, নিশাকর, তারাগণ
১০. সন্ন্যাসীর সং

### বিভাগ - খ

৩। প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (২x৫=১০)

১. নতুনদা হলেন ইন্দ্রনাথের মাসতুতো দাদা। তিনি কলকাতার দর্জিপাড়ায় থাকেন।

২. 'আমি' এখানে অঙ্কুরিত বট চারা। বৃহৎ বৃক্ষকে বনস্পতি বলে।

৩. পাখি বনের ফল খেয়ে রাজহাটে ফলের বাজারে লোকসান ঘটায়।

৪. হিন্দু ও মুসলমান। মুসলিম নয়নমণি ও হিন্দু হল তার প্রাণ।

৫. খাঁচার উন্নতি হচ্ছে, কিন্তু পাখিটার খবর কেউ রাখে না। নিন্দুক বলেছিল।

৪। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ-** **(৩x৫=১৫)**

১. লিপিকরদের সংসারে। তারা পারিতোষিক নিয়ে বলদ বোঝাই করে ঘরে ফিরল।

২. বক্তা হল ভাগিনা। রাজার তোতা দর্শনে প্রচুর পরিমান বাদ্যযন্ত্র ও লোকজন নিয়োজিত হওয়ায় প্রচুর অর্থ খরচ যেমন হয়েছে তেমনি এর মাধ্যমে রাজাকে পাখির শিক্ষাস্থল পর্যন্ত পৌঁছতে না দেবার পরিকল্পনাও রয়েছে।

৩. অঙ্কুরিত চারাগাছ। সদ্য অঙ্কুরিত চারাগাছ নিজেকে আগামী সময়ে বনস্পতি রূপে দাবি করেছে, নিজের এই দৃঢ় প্রত্যয়ী মনোভাব এখানে ধরা পড়েছে।

৪. নতুনদা থিয়েটারে হারমোনিয়াম বাজাতে যাচ্ছিলেন।

৫. 'মোরা' হল হিন্দু ও মুসলমান। সাম্প্রদায়িক বিভেদের বিষ।

৬. বক্তা অঙ্কুরিত বটচারা। অঙ্কুরিত চারা গাছ নিজেকে জড় বা মৃত কিংবা অন্ধকারের খনিজ ভাবে না, নিজেকে সে জীবন্ত প্রাণ অঙ্কুরিত চারা গাছ বলে দাবী করে।

৭. যা আগে শোনা যায় নি। নতুনদা ইন্দ্র ও শ্রীকান্ত খাবার আনতে গেলে একাকী হাততালি দিয়ে 'ঠুনঠুন পেয়ালা' গানটি এমন অদ্ভুত সুরে গাইছিলেন যে, এমন গান স্থানীয় কুকুরগুলোর মনে অন্য সন্দেহের উদ্রেক করে। তারা দলবদ্ধভাবে নতুনদাকে তাড়া করে।

## বিভাগ - গ

৫। **প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (যে কোনো আটটি) ঃ-** **(৫x৮=৪০)**

১. রূপকধর্মীতা কি? তা আলোচনা করে গল্পের বিষয়বস্তু নিরিখে গল্পটি রূপকধর্মী কিনা — তা লিখতে হবে।

২. 'আগামী' কবিতাটির মর্মার্থ লিখতে হবে সংক্ষেপে।

৩. 'নতুনদা' গল্পে নামচরিত্রটি সম্পর্কে বিষয়বস্তুর নিরিখে আলোচনা করতে হবে।

৪. 'একবৃন্তে দুটি ফুল' কবিতাটির বক্তব্যটি সংক্ষেপে নিজের ভাষায় লিখতে হবে।

৫. উদ্ধৃত প্রসঙ্গটি 'আগামী' কবিতার বিষয়ের নিরিখে আলোচনা করতে হবে।

৬. ‘নতুনদা’ গল্পের পৃষ্ঠা সংখ্যা (২১-২২) দ্রষ্টব্য।

৭. 
- ‘তোতাকাহিনী’ গল্পের পৃষ্ঠা সংখ্যা (২০-২১) দ্রষ্টব্য।
- পৃষ্ঠা সংখ্যা (২৩) দ্রষ্টব্য।

৮. ‘রামচন্দ্রের বিলাপ’ কবিতায় যেভাবে রামচন্দ্রের চরিত্রের বৈশিষ্ট্যগুলি প্রকাশ পেয়েছে তার কথোপকথনের মাধ্যমে, সেই প্রসঙ্গে আলোচনা করতে হবে।

৯. ‘রাজারাণী’ গল্পের পৃষ্ঠা সংখ্যা (৫-৬) দ্রষ্টব্য।

১০. ‘এক বৃন্তে দুটি কুসুম’ কবিতাটি অবলম্বনে উদ্ধৃত প্রসঙ্গটি আলোচনা করতে হবে।

***************